

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১২৬৭

আগরতলা, ১৯ সেপ্টেম্বর, ২০২৪

উনকোটি জেলা হাসপাতালে ফাইব্রোডেনোমার সফল অস্ত্রোপচার

উনকোটি জেলা হাসপাতালের বিশেষজ্ঞ শল্য চিকিৎসকগণ এক রোগীনির স্তনে টিউমারের সফল অস্ত্রোপচার সম্পন্ন করেছেন। উনকোটি জেলার ভগবান নগরের বাসিন্দা ২২ বছর বয়স্ক এই মহিলার গত পাঁচ ছয় মাস ধরে স্তনে ব্যথা এবং ফোলাভাব সহ অসহ্য ব্যথায় কষ্ট পাচ্ছিলেন। মহিলার এই উপসর্গ সহ আরও অন্যান্য সমস্যা ছিল। শেষ পর্যন্ত তিনি জেলা হাসপাতালের বহির্বিভাগে চিকিৎসকদের শরণাপন্ন হন। বহির্বিভাগে চিকিৎসকরা রোগীর সমস্যাগুলি সম্পর্কে অবহিত হন এবং রোগীর প্রাথমিক পরীক্ষা নিরীক্ষা করান। এই পরীক্ষা নিরীক্ষার রিপোর্টের ভিত্তিতে চিকিৎসকরা রোগীনির স্তনের মধ্যে একটি টিউমারের লক্ষণ দেখতে পান। তখন বহির্বিভাগে চিকিৎসকরা জেলা হাসপাতালের বিশেষজ্ঞ সার্জিক্যাল সার্জন ডা. শুভ্রনীল দাসের কাছে রেফার করেন। বিশেষজ্ঞ সার্জিক্যাল সার্জন ডা. শুভ্রনীল দাস রোগীনির স্তনের পরীক্ষা নিরীক্ষার রিপোর্ট পর্যবেক্ষণ করে দেখতে পান মহিলার বাম স্তনে তিনটি টিউমার রয়েছে। এরমধ্যে একটি বড় আকারের এবং আর বাকি দুটি ছোট আকারের ছিল। চিকিৎসকের ভাষায় যাকে ফাইব্রোডেনোমা বলা হয়। এরমধ্যে একটি ৪ সেমি X ৬ সেমি আকারের বিশালাকার ছিল। চিকিৎসক রোগীনির আত্মীয়স্বজনদেরকে জরুরী ভিত্তিতে স্তনের এই টিউমারগুলি অস্ত্রোপচার করার জন্য পরামর্শ দেন। তারপর রোগীনির আত্মীয়স্বজনরা জেলা হাসপাতালেই বিশেষজ্ঞ সার্জিক্যাল সার্জন ডা. শুভ্রনীল দাসের তত্ত্ববধানে অস্ত্রোপচার করার জন্য সিদ্ধান্ত নেন। তখন রোগীনি গত ২ সেপ্টেম্বর ২০২৪ উনকোটি জেলা হাসপাতালে ভর্তি হন। এরপর রোগীর আরও প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষার পর সার্জন ডা. শুভ্রনীল দাসের নেতৃত্বে গঠিত একটি মেডিকেল টিম রোগীর অস্ত্রোপচার করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করেন। এরপর গত ৩ সেপ্টেম্বর ২০২৪ উনকোটি জেলা হাসপাতালেই বিশেষজ্ঞ সার্জিক্যাল সার্জন ডা. শুভ্রনীল দাসের নেতৃত্বে গঠিত মেডিকেল টিম এক ঘন্টাব্যাপী সফলভাবে অস্ত্রোপচারের মাধ্যমে রোগীনির বাম স্তনের তিনটি টিউমার বের করেন। উক্ত অস্ত্রোপচার টিমে ছিলেন সহকারি জেনারেল সার্জন ডা. শ্রেয়শী বন্দোপাধ্যায়, এনেস্থেসিওলজিস্ট ডা. রূপময় দাস, স্ফার্ব নার্স ছিলেন করুণা দেববর্মা এবং ওটি টেকনিশিয়ান ছিলেন মিঠুন মল্ল ও সুরজিত দাস প্রমুখ। অস্ত্রোপচারের পর রোগী সুস্থ হয়ে উঠায় গত ৭ সেপ্টেম্বর ২০২৪ হাসপাতাল থেকে ছুটি দিয়ে দেওয়া হয়। উল্লেখ্য, এই ধরনের সমস্যায় রোগীকে আগরতলায় জিবিপি বা আইজিএম হাসপাতালে গিয়ে অস্ত্রোপচার করলে অনেক অর্থের খরচ হতো। কিন্তু জেলা হাসপাতালেই আয়ুষ্মান ভারত স্কিমে সম্পূর্ণ বিনামূল্যে এই ধরনের অস্ত্রোপচারের সুবিধা পেয়ে রোগীর পরিবার পরিজনরা খুব খুশি। তাছাড়া উনকোটি জেলা হাসপাতালের বিশেষজ্ঞ শল্য চিকিৎসকগণের দ্বারা এই অস্ত্রোপচারের সহায়তা পেয়ে রোগীনির আত্মীয়স্বজন ও পরিবার পরিজনরা চিকিৎসকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। স্বাস্থ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
